

🔳 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৩৮ ২৩/ বাণিজ্য ও উপার্জন পরিচ্ছেদঃ বাজার সবচেয়ে নিকৃষ্ট জায়গা

আরবী

وَعَنْ سَلَمَانَ الفَارِسِي مِنْ قَولِهِ قَالَ: لاَ تَكُونَنَّ إِنِ اسْتَطَعْتَ أَوَّلَ مَنْ يَدْخُلُ السُّوقَ وَلاَ آخِرَ مَنْ يَخْرُجُ مِنْهَا فَإِنَّهَا مَعْرَكَةُ الشَّيْطَانِ وَبِهَا يَنْصِبُ رَايَتَهُ رَوَاهُ مُسْلِمُ هَكَذَا ورواه البرقاني في صَحِيْحِهِ عَنْ سَلَمَانَ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَيْلِيٍّ لاَ تَكُنْ أَوَّلَ مَنْ يَدْخُلُ السُّوقَ وَلاَ آخِرَ مَنْ يَخْرُجُ مِنْهَا فِيهَا بَاضَ الشَّيْطَانُ وَفَرَّخَ

বাংলা

(২৫৩৮) সালমান ফারেসী (রাঃ) এর উক্তি (মওকূফ সূত্রে) বর্ণিত, তিনি বলেন, 'তুমি যদি পার, তাহলে সর্বপ্রথম বাজারে প্রবেশকারী হবে না এবং সেখান থেকে সর্বশেষ প্রস্থানকারী হবে না। কারণ, বাজার শয়তানের আড্ডাস্থল; সেখানে সে আপন ঝাণ্ডা গাড়ে।

বারকানী তাঁর 'সহীহ' গ্রন্থে সালমান (রাঃ) কর্তৃক বর্ণনা করেছেন, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "সর্বপ্রথম বাজারে প্রবেশকারী হয়ো না এবং সেখান থেকে সর্বশেষ প্রস্থানকারী হয়ো না । কারণ, সেখানে শয়তান ডিম পাড়ে এবং ছানা জন্ম দেয়।

ফুটনোট

(মুসলিম ৬৪৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন